গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১২৯/২০১৮-১৯

ঢাকা, সোমবার ৩১ ডিসেম্বর ২০১৮, ১৭ পৌষ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। একাদশ জাতীয় সংসদ নির্বাচন সম্পন্ন : বেসরকারি ফলাফলে আওয়ামী লীগ ২৫৭ আসন পেয়ে বিজয়ী টানা তৃতীয়বার প্রধানমন্ত্রী হচ্ছেন শেখ হাসিনা
২। নির্বাচন শান্তিপূর্ণ হচ্ছে : ভোট প্রদানশেষে সিইসি
৩। নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়েছে : বিদেশি পর্যবেক্ষকদের অভিমত
৪। আন্তর্জাতিক গণমাধ্যমে বাংলাদেশের সংসদ নির্বাচনের খবর : প্রত্যাশিত ছিল শেখ হাসিনার বিজয়
৫। স্বাধীনতার সপক্ষের শক্তির জয় হবেই :ভোট প্রদানশেষে প্রধানমন্ত্রী
৬। প্রধানমন্ত্রীর সঙ্গে গণভবনে বিদেশি পর্যবেক্ষকদের মতবিনিময় আজ
৭। সারাদেশে ভোট উৎসব হয়েছে : ইসি সচিব
৮। নির্বাচনে বিজয়ের পর কোথাও আনন্দ মিছিল না করতে নির্দেশ প্রধানমন্ত্রীর
৯। বিদেশিরাও বলছে নির্বাচন সুষ্ঠু, শান্তিপূর্ণ হয়েছে : প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা
১০। এনফ্রেলের একপেশে জল্পনা সত্ত্বেও নির্বাচন সুষ্ঠু হয়েছে : পররাষ্ট্র মন্ত্রণালয়
১১। নির্বাচন পরবর্তী নিরাপত্তা জোরদার রয়েছে : আইজিপি
১২। ভোটকেন্দ্রে আচরণবিধি লঙ্ঘনের ঘটনা নেই : ডিএমপি কমিশনার
১৩। থার্টিফার্স্ট নাইটে রাজধানীতে কড়া নিরাপত্তা, হোটেল বার বন্ধ রাখার নির্দেশ

চলমান পাতা-২

১। **একাদশ জাতীয় সংসদ নির্বাচন সম্পন্ন : বেসরকারি ফলাফলে আওয়ামী লীগ ২৫৯ আসন পেয়ে বিজয়ী টানা তৃতীয়বার প্রধানমন্ত্রী হচ্ছেন শেখ হাসিনা**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে গতকাল (৩০ ডিসেম্বর রোববার) হ্যাটট্রিক জয় পেয়েছে সরকারি দল আওয়ামী লীগ। জোটবদ্ধ হয়ে নির্বাচনে অংশ নিলেও শরিকদের ছাড়াই তারা দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে। ফলে টানা তৃতীয়বারের মতো সরকার গঠন করতে যাচ্ছে দেশের স্বাধীনতা-সংগ্রামে নেতৃত্বদানকারী ঐতিহ্যবাহী এ দল। আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা আবারও দায়িত্ব নিতে যাচ্ছেন সরকারপ্রধানের। টানা তৃতীয়বার প্রধানমন্ত্রী হলে এটি হবে একটি রেকর্ড। গতকাল শেষ রাতে ২৯৮ আসনের বেসরকারি ফল পাওয়া যায়। এতে আওয়ামী লীগ নেতৃত্বাধীন মহাজোট পেয়েছে ২৮৮ আসন। এর মধ্যে আওয়ামী লীগ ২৫৯, জাতীয় পার্টি ২০, ওয়ার্কার্স পার্টি ৩, জাসদ ২, তরীকত ১ ও বিকল্পধারা দু'টি করে আসন পেয়েছে। জেপি (মঞ্জু) পেয়েছে একটি আসন। তিনটি আসনে জয় পেয়েছেন স্বতন্ত্র প্রার্থী। তবে তাদের তিনজনই আওয়ামী লীগ নেতৃত্বাধীন মহাজোটের সমর্থিত। বিএনপি নেতৃত্বাধীন জাতীয় ঐক্যফ্রন্ট পেয়েছে ৭টি আসন। এর মধ্যে বিএনপি পাঁচটি ও গণফোরামের দু'টি আসন রয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

২। **নির্বাচন শান্তিপূর্ণ হচ্ছে : ভোট প্রদানশেষে সিইসি**

দু'একটি বিচ্ছিন্ন ঘটনা ছাড়া সারাদেশে শান্তিপূর্ণভাবে ভোট হচ্ছে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। তিনি বলেন, ভালো ভোট হচ্ছে। তবে, যেখানে অনিয়ম সেখানে ভোটগ্রহণ বন্ধ রাখা হয়েছে। একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে গতকাল (৩০ ডিসেম্বর রোববার) সকালে রাজধানীর উত্তরা ৫ নম্বর সেক্টরের আইইএস স্কুল এন্ড কলেজ কেন্দ্রে ভোট প্রদানশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা জানান। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **নিউ নেশন** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৩। **নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়েছে : বিদেশি পর্যবেক্ষকদের অভিমত**

নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ হয়েছে বলে মন্তব্য করেছে ভারত, ওআইসি এবং সার্ক মানবাধিকার ফাউন্ডেশনের পর্যবেক্ষক দল। গতকাল (৩০ ডিসেম্বর রোববার) রাজধানীর সোনারগাঁও হোটেলে পিআইডি মিডিয়া সেন্টারে এক ব্রিফিংয়ে একাদশ জাতীয় নির্বাচন পর্যবেক্ষণে আসা ভারতীয়, ওআইসি এবং সার্ক মানবাধিকার ফাউন্ডেশনের পর্যবেক্ষকরা সাংবাদিকদের কাছে এ মন্তব্য করেন। এছাড়া মিডিয়া সেন্টারে স্থানীয় সাংবাদিকদের কাছে মালদ্বীপ এবং নেপালের পর্যবেক্ষকরাও জাতীয় নির্বাচন তাদের পর্যবেক্ষণে অবাধ ও শান্তিপূর্ণ হয়েছে বলে উল্লেখ করেন। নির্বাচন পর্যবেক্ষণে আসা ভারতীয় নির্বাচন কমিশনের তিন সদস্যের প্রতিনিধিদলের সদস্য পশ্চিমবঙ্গের প্রধান নির্বাচন কর্মকর্তা আরিজ আফতাব বাংলাদেশ নির্বাচন কমিশন সুশৃঙ্খল ও পরিশীলিতভাবে উৎসবমুখর পরিবেশে ভোট করতে পেরেছে বলে মন্তব্য করেন। মিডিয়া সেন্টারে ইসলামী দেশগুলোর আন্তর্জাতিক সংগঠন ওআইসি'র নির্বাচন পর্যবেক্ষক দলের প্রধান মুহসিন খান জানান, তারা ঢাকা ছাড়াও মুন্সীগঞ্জ এবং নারায়ণগঞ্জে নির্বাচন পর্যবেক্ষণ করেছেন। তারা সব স্থানেই অবাধ ও শান্তিপূর্ণ পরিবেশে ভোট গ্রহণের চিত্র দেখেছেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

৪। **আন্তর্জাতিক গণমাধ্যমে বাংলাদেশের সংসদ নির্বাচনের খবর : প্রত্যাশিত ছিল শেখ হাসিনার বিজয়**

বাংলাদেশের সংসদ নির্বাচনের খবর অত্যন্ত গুরুত্ব দিয়ে প্রকাশ করেছে আন্তর্জাতিক গণমাধ্যমগুলো। বিভিন্ন প্রতিবেদনে বলা হয়, অসাধারণ অর্থনৈতিক প্রবৃদ্ধির কারণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিজয় প্রত্যাশিতই ছিল। নির্বাচনে তাঁর দল আওয়ামী লীগ বিশাল জয় পেয়েছে। বিবিসি'র খবরে বলা হয়, টানা তৃতীয় মেয়াদে প্রধানমন্ত্রী হতে যাচ্ছেন শেখ হাসিনা। রয়টার্সের প্রতিবেদনে বলা হয়, গত এক দশকের মধ্যে এটিই ছিল সম্পূর্ণ প্রতিযোগিতামূলক নির্বাচন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা টানা তৃতীয় মেয়াদে ক্ষমতায় আসবেন বলে ধারণা করা হয়েছিল। ভারতের আনন্দবাজার পত্রিকার প্রতিবেদনে বলা হয়, নির্বাচন নিয়ে দিনভর সরগরম ছিল গোটা বাংলাদেশ। সিএনএনের প্রতিবেদনে বলা হয়, শেখ হাসিনা তৃতীয় মেয়াদে জিতবেন বলে ব্যাপকভাবে আশা করা হয়েছিল। ভারতের দ্য হিন্দু

পত্রিকার প্রতিবেদনে বলা হয়, শেখ হাসিনা চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী হতে যাচ্ছেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ,ক.৬)।

**৫। স্বাধীনতার সপক্ষের শক্তির জয় হবেই : ভোট প্রদানশেষে প্রধানমন্ত্রী**

আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজের ভোট দিয়ে নৌকার বিজয়ের ব্যাপারে দৃঢ় আশাবাদ ব্যক্ত করে বলেন, বাংলাদেশ উন্নয়নের মহাসড়কে যাত্রা শুরু করেছে। আমি দৃঢ়ভাবে আত্মবিশ্বাসী যে, উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে দেশের জনগণ নৌকা মার্কায় ভোট দিয়ে আওয়ামী লীগকে পুনঃনির্বাচিত করবে। স্বাধীনতার সপক্ষের শক্তি হিসেবে নির্বাচনে নৌকার জয় হবেই। আমার জনগণের ওপর বিশ্বাস রয়েছে এবং জানি সুন্দর ভবিষ্যতের জন্য তারা আমাদেরই পছন্দ করবে। গতকাল (৩০ ডিসেম্বর রোববার) ঢাকার সিটি কলেজ কেন্দ্রে গিয়ে নিজের ভোট প্রদানশেষে সাংবাদিকদের তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**৬। প্রধানমন্ত্রীর সঙ্গে গণভবনে বিদেশি পর্যবেক্ষকদের মতবিনিময় আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সদ্য অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদ নির্বাচনের বিদেশি পর্যবেক্ষকদের এক মতবিনিময় সভা আজ (৩১ ডিসেম্বর সোমবার) গণভবনে অনুষ্ঠিত হবে। বিদেশি পর্যবেক্ষকরা নির্বাচন কেমন দেখেছেন, তা প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরবেন। একইসঙ্গে প্রধানমন্ত্রীও নির্বাচনের সার্বিক অবস্থার ব্যাখ্যা দিবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৪)।

**৭। সারাদেশে ভোট উৎসব হয়েছে : ইসি সচিব**

সারাদেশে শান্তিপূর্ণ ও ব্যাপক অংশগ্রহণে একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে বলে উল্লেখ করেছে নির্বাচন কমিশন (ইসি)। সকাল ৮ থেকে বিকেল ৪টা পর্যন্ত ভোটগ্রহণ শেষে গতকাল (৩০ ডিসেম্বর রোববার) সন্ধ্যায় ইসি সচিব হেলালুদ্দীন আহমদ বলেন, সারাদেশে ভোট উৎসব হয়ে গেল। ২৯৯ আসনে নির্বাচন হয়েছে। এর মধ্যে ছয়টিতে ইভিএম-এ ভোট গ্রহণ হয়েছে। কিছু এলাকায় সহিংসতা ছাড়া শান্তিপূর্ণভাবে ভোটাধিকার প্রয়োগ করেছেন ভোটাররা। তিনি বলেন, গতকাল সারাদেশে ২৯৯ আসনে মোট ৪০ হাজার ৫১টি কেন্দ্রে এ ভোট গ্রহণ হয়। সহিংসতার ঘটনায় ২৯টি কেন্দ্রে ভোট গ্রহণ স্থগিত করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৭)।

**৮। নির্বাচনে বিজয়ের পর কোথাও আনন্দ মিছিল না করতে নির্দেশ প্রধানমন্ত্রীর**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ের পর কোথাও আনন্দ মিছিল না করার জন্য নেতাকর্মীদের প্রতি নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, আনন্দ মিছিল নয়, এখন সময় দেশ গড়ার। রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে গতকাল (৩০ ডিসেম্বর রোববার) নির্বাচন-পরবর্তী সংবাদসম্মেলনে প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচ টি ইমাম প্রধানমন্ত্রীর এ নির্দেশের কথা জানান। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.৮)।

**৯। বিদেশিরাও বলছে নির্বাচন সুষ্ঠু, শান্তিপূর্ণ হয়েছে : প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা**

একাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী বলেছেন, নির্বাচন ছিল উৎসবমুখর। গতকাল (৩০ ডিসেম্বর রোববার) রাজধানীর সোনারগাঁও হোটেলে এক প্রেস ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। এদিকে একাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে ভারত, নেপাল, ইসলামী সম্মেলন সংস্থা (ওআইসি) পৃথকভাবে প্রতিক্রিয়া জানিয়েছে। তাদের প্রতিক্রিয়ায় নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে বলে তিনি জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৫)।

**১০। এনফ্রেলের একপেশে জল্পনা সত্ত্বেও নির্বাচন সুষ্ঠু হয়েছে : পররাষ্ট্র মন্ত্রণালয়**

এনফ্রেলসহ আরো অন্যান্য সংস্থার একপেশে জল্পনা সত্ত্বেও একাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও উৎসবমুখর হয়েছে বলে জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। এবারের নির্বাচনে মানুষ পূর্ণভাবে তাদের ভোটাধিকার প্রয়োগ করেছে। এনফ্রেল ও এর সহযোগী সংগঠনগুলো ২৯ ডিসেম্বর যে যৌথ বিবৃতিটি দিয়েছে তা শুধু অপরিপক্কই নয়, ভুল তথ্যসংবলিত। গতকাল (৩০ ডিসেম্বর রোববার) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**১১। নির্বাচন পরবর্তী নিরাপত্তা জোরদার রয়েছে : আইজিপি**

সারাদেশে নির্বাচন-পরবর্তী নিরাপত্তা জোরদার রয়েছে বলে জানিয়েছেন পুলিশ মহাপরিদর্শক (আইজিপি)

ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী। তিনি বলেছেন, পরিকল্পনা অনুযায়ী নির্বাচন-পূর্ব, নির্বাচনকালীন ও নির্বাচন পরবর্তী সময়ে বিশেষভাবে নিরাপত্তা জোরদার করা হয়েছে। নির্বাচনে যেসব জায়গায় সংঘর্ষ হয়েছে, সেখানেও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। গতকাল (৩০ ডিসেম্বর রোববার) রাজধানীর বেইলি রোডে ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ কেন্দ্রে ভোট দেওয়ার পর সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **নিউ এজ** (পৃ.৩,ক.২)।

**১২। ভোটকেন্দ্রে আচরণবিধি লঙ্ঘনের ঘটনা নেই : ডিএমপি কমিশনার**

ভোটকেন্দ্রে আচরণবিধি লঙ্ঘনের কোনো ঘটনা নেই। প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ভোটারদের বাধাদান বা হুমকির অভিযোগ পাইনি। সকাল থেকে উৎসবমুখর পরিবেশে ভোট চলছে। গতকাল (৩০ ডিসেম্বর রোববার) রাজধানীর তেজগাঁও কলেজ ভোটকেন্দ্র পরিদর্শনশেষে সাংবাদিকদের এ কথা বলেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৬), **যায়যায়দিন** (পৃ.৩,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**১৩। থার্টিফার্স্ট নাইটে রাজধানীতে কড়া নিরাপত্তা, হোটেল বার বন্ধ রাখার নির্দেশ**

মাদকদ্রব্যের অপব্যবহার ও উচ্ছৃঙ্খলতারোধে ইংরেজি নববর্ষ থার্টিফার্স্ট নাইট উপলক্ষে রাজধানীজুড়ে কড়া নিরাপত্তাব্যবস্থা জোরদার করা হয়েছে। ইতোমধ্যে রাজধানীর বিভিন্ন প্রবেশপথে বসানো হয়েছে চেকপোস্ট। এছাড়াও সার্বিক নিরাপত্তার জন্য পুলিশ ও স্বেচ্ছাসেবকদের সমন্বয়ে গঠিত নিরাপত্তা তল্লাশি, ডগ স্কোয়াড, বোম্ব ডিসপোজাল ইউনিট, সোয়াট টিম ও এসবি'র সুইপিং টিম মোতায়েন করা হয়েছে। অনুষ্ঠানটি সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে উদ্‌যাপন নিশ্চিত করতে গতকাল (৩০ ডিসেম্বর রোববার) ৬টা থেকে সোমবার রাত ১২টা পর্যন্ত সব ধরনের বিস্ফোরক দ্রব্য, আতশবাজি, পটকাবাজি, অন্যান্য ক্ষতিকারক ও দূষণীয় দ্রব্য বহন এবং ফোটানো নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। ঢাকা মহানগরীর নিরাপত্তা ও আইনশৃঙ্খলা বজায় রাখার স্বার্থে এসব নির্দেশনা মেনে চলার জন্য নগরবাসীর প্রতি অনুরোধ জানিয়েছেন ডিএমপি কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, সংবাদ :** ২০১৮ সালে কর্মক্ষেত্রে দুর্ঘটনার শিকার হয়ে বিভিন্ন সেক্টরে ৮৯৮ জন শ্রমিক নিহত ও ৩৪১ জন আহত হওয়ার তথ্য এক প্রতিবেদনে প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে কর্মক্ষেত্রে প্রাণহানি রোধে সচেতনতার বিকল্প নেই বলে মতপ্রকাশ।

খ. **সমকাল :** একাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করে গণতান্ত্রিক ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **যায়যায়দিন, যুগান্তর :** পুনঃ তফসিলসহ নানা উদ্যোগের পরও বেশিরভাগ ব্যাংকে খেলাপি ঋণের পরিমাণ বেড়েই চলছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

ঘ. **জনকণ্ঠ :** বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন দেশের উচ্চশিক্ষার সম্প্রসারণ ও গুণগত মানোন্নয়নে গবেষণায় বরাদ্দ ২৩৪ শতাংশ বৃদ্ধি করেছে উল্লেখ করে এর ফলে তা শিক্ষার মান বাড়াতে অবদান রাখবে বলে মতপ্রকাশ।

ঙ. **নিউ নেশন :** শিশু গৃহকর্মীদের অধিকার সুরক্ষায় নজর দেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** কর্মক্ষেত্রের উপযোগী শিক্ষা পদ্ধতি **প্রণয়নের** ওপর গুরুত্বারোপ।

ছ. **এশিয়ান এজ :** রাজধানীতে শিশুদের খেলাধুলার জন্য পর্যাপ্ত মাঠের ব্যবস্থা করার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মানসম্মত প্রশিক্ষণ দিয়ে দক্ষ জনশক্তি তৈরি করে বিদেশে নিরাপদ, নিয়মিত ও সমন্বিত শ্রম অভিবাসন করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'বায়ুদূষণের ভয়াবহতা রোধ করতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিশুস্বাস্থ্যের প্রতি হুমকি বায়ুদূষণ এবং এ থেকে সৃষ্ট স্বাস্থ্যজটিলতা থেকে রক্ষা পেতে আমাদের পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও তা পর্যবেক্ষণ করতে হবে।

#

ডালিয়া/মরজিনা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা